# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-
dgmsme@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/৭(১)/২০২২-২৩/ ১৫৩৭(১২৫০) তারিখঃ ২৬/১২/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এর আওতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে বাল্ক হেড, ছোট ট্রাক, সিএনজি চালিত অটোরিক্সা, গ্রামীণ পরিবহনসহ পরিবহন ও যোগাযোগ খাতে ঋণ বিতরণে মাঠ পর্যায়ে সৃষ্ট অস্পষ্টতা দূরীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ০৩/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১২৮তম সভায় প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে ১৪/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৪৮তম সভায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এর আওতায় বাল্ক হেড, ছোট ট্রাক, সিএনজি চালিত অটোরিক্সা, গ্রামীণ পরিবহণসহ পরিবহন ও যোগাযোগ খাতে ঋণ বিতরণের বিষয়টি অনুমোদিত হয়েছে। তবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এবং অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এ বর্নিত নির্দেশনাবলীসহ নিম্নবর্ণিত শর্তাদি যথাযথভাবে পরিপালন করতে হবে ঃ

(ক) সিএমএসএমই অর্থায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ মঞ্জুরি ও বিতরণ করার জন্য উদ্যোক্তার মালিকানাধীন প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে ;

(খ) বাল্ক হেড, ছোট ট্রাক, সিএনজি চালিত অটোরিক্সাসহ বিভিন্ন গ্রামীণ পরিবহন ক্রয়ের ক্ষেত্রে ঋণের ধরণ হবে মেয়াদি। তহবিল প্রবাহ বিবেচনায় মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে পরিশোধসূচি নির্ধারিত হবে এবং ঋণের মেয়াদকাল হবে গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর ;

(গ) নিজস্ব অর্থায়নে পরিবহন ক্রয় করলে উদ্যোক্তার চাহিদার প্রেক্ষিতে প্রাক্কলন সাপেক্ষে স্বল্পমেয়াদে চলতি মূলধন ঋণ সুবিধা প্রদান করা যেতে পারে। সেক্ষেত্রে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ০১(এক) বছর, যা নবায়নযোগ্য ;

(ঘ) ক্রয়কৃত পরিবহনটি অবশ্যই সরকারিভাবে অনুমোদিত, নিবন্ধনকৃত ও বিমাকৃত হতে হবে ;

(ঙ) বিতরণকৃত ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণসহ যথাসময়ে ঋণ আদায়ে যথাযথ কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে ;

(চ) ক্রয়কৃত পরিবহনটি অবশ্যই ব্যাংকের নিকট হাইপোথিকেশন আকারে বন্ধক থাকবে। এছাড়াও জামানত/সহায়ক জামানত গ্রহণের বিষয়ে ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুসরণ করতে হবে ;

(ছ) এছাড়াও অত্র ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ {প্রকা/এমপিডি(প্রশাসন) পরিপত্র নং-১৪/২০১৯, তারিখঃ ২৪/১২/২০১৯} এবং সময়ে সময়ে জারিকৃত ও জারিতব্য এ সংক্রান্ত অন্যান্য নির্দেশনাসমূহও এক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৪। এমতাবস্থায়, ব্যাংকের নির্বাহী কমিটির নির্দেশনার প্রেক্ষিতে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ Expedite করার লক্ষ্যে ব্যবস্থাপনা সমন্বয় কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৬/১২/২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

বিষয় ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এর আওতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে বাল্ক হেড, ছোট ট্রাক, সিএনজি চালিত অটোরিক্সা, গ্রামীণ পরিবহনসহ পরিবহন ও যোগাযোগ খাতে ঋণ বিতরণে মাঠ পর্যায়ে সৃষ্ট অস্পষ্টতা দূরীকরণ প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-০৪(এসএমই)/৭(১)/২০২২-২০২৩/ ১৫৬৭(২২৫০) তারিখঃ ২৬/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

২৬/১২/২০২২

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক